



গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

স্মারক নং জিসিসি/সক/২০১৬-১৭/১৫৮

নিয়োগ বিজ্ঞপ্তি


তারিখঃ ১৪/০৬/২০১৭ খ্রিঃ

গাজীপুর সিটি কর্পোরেশনের অধীন ইউনিসেফ সহায়তাপুষ্টি একটি প্রকল্পের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে শুধুমাত্র প্রকল্প মেয়াদের জন্য নিম্নলিখিত পদের বিপরীতে লোক নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ৩০ জুন ২০১৭ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা	মূল দায়িত্ব	চাকরীর মেয়াদ ও প্রকল্পের মেয়াদ	বেতন সর্বসাকুল্যে যাতায়াত ভাতাসহ
০১।	Senior Education Officer	০১ জন	ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতাসহ স্নাতকোত্তর ডিগ্রী। তবে শিক্ষা বিষয়ে ডিগ্রীকে অগ্রাধিকার প্রদান করা হবে।	সিটি কর্পোরেশনের জন্য একটি শিক্ষা কর্মকৌশল প্রণয়নে সহায়তা প্রদান করা; ইউনিসেফ সহায়তাপুষ্টি প্রকল্প কর্মসূচি বাস্তবায়নে সহায়তা করা; সিটি কর্পোরেশনের জন্য শিক্ষাকার্যক্রম পরিকল্পনা, বাস্তবায়ন ও পরিবীক্ষণ করা।	প্রাথমিকভাবে ১বছর।	৬০,০০০ টাকা
০২।	Planning and Monitoring Officer	০১ জন	ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতাসহ সামাজিকবিজ্ঞান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রী।	জোন ও ওয়ার্ড ভিত্তিক পরিকল্পনা তৈরিতে সহযোগিতা করা; তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও প্রতিবেদন তৈরি করা; জরুরী অবস্থার জন্য প্রস্তুতি পরিকল্পনা করা।	প্রাথমিকভাবে ৬ মাস।	৪৫,০০০ টাকা
০৩।	Social and Behaviour Change Communication (SBCC) Officer	০১ জন	উন্নয়ন কাজে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতাসহ সামাজিকবিজ্ঞান, ডেপেলপমেন্ট স্টাডিজ, পাবলিক হেলথ অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী।	সামাজিক ও আচরণগত যোগাযোগ কার্যক্রম সমন্বয়; তথ্য, তথ্যসেবা ও জনসংযোগ কার্যক্রমের ফোকালপয়েন্ট হিসেবে দায়িত্ব পালন; সংশ্লিষ্ট বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান।	প্রাথমিকভাবে ৬ মাস।	৪৫,০০০ টাকা

আবেদনের শর্তাবলীঃ

- ০১। প্রার্থীর বয়সসীমা ৩০/০৬/২০১৭ তারিখে ৩৫-৪০ বছরের মধ্যে হতে হবে। তবে অভিজ্ঞতার ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- ০২। ০৩ কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি।
- ০৩। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি।
- ০৪। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
- ০৫। অর্থপ্রাপ্তি ও সন্তোষজনক চাকুরি সাপেক্ষে পদভেদে আরো ৬ মাস থেকে ১বছর বর্ধিতকরণের সম্ভাবনা আছে।
- ০৬। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং তা প্রমাণিত হলে পরবর্তীতে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৭। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন ক্রটিপূর্ণ আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ০৯। এ নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(
(কে.এম. রাহাতুল ইসলাম)
(যুগ্ম সচিব)

প্রধান নির্বাহী কর্মকর্তা
গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।